দামুড়হুদায় ডেঙ্গু সচেতনতা মূলক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে ডেঙ্গু সহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বেলা ১২ টার দিকে উপজেলার পরিষদ চত্ত্বরে থেকে উপজেলা প্রশাসনের নেতৃত্বে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জনসচেতনতা মূলক র্যালী বের হয়ে প্রধান সড়ক পদক্ষিণ করে পূনরায় একই স্থানে এসে শেষ হয়। দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলা পরিষদের সভাকক্ষে নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে ডেঙ্গুসহ মশাবাহিত র আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শহীদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা হেলেনা আক্তার নিপা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মাহবুবা আক্তার তাবিয়া, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আঃ করিম বিশ্বাস, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, যুবউন্নন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, আইসিটি কর্মকর্তা আরিফুল ইসলাম, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফয়জুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার এস আই আরমান, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুল ইসলাম রতনসহ গণমাধ্যম কর্মী, বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষাকা ও ছাত্রছাত্রী বৃন্দ। সভায় বক্তারা মশার জীবন চক্র ও মশা বাহিত বিভিন্ন রোগের উপর বিশদ আলোচনা করেন। ডেঙ্গু মশা চিহ্নিত করণ, ডেঙ্গু মশার প্রজনন ক্ষেত্র, ডেঙ্গু মশা প্রতিরোধে কী কী করণীয় সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

আলোচনা সভা শেষে মশা নিধোনের জন্য ধোঁয়া স্পে করার দৃশ্য চোখে পড়লে দেখা গেছে, যিনি স্প্রে করছেন তার মুখ ও নাক সম্পূর্ণ উম্মুক্ত।এখানে লক্ষ্যনীয় হচ্ছে,মশা নিধনে যে ধোঁয়া স্প্রে করা হচ্ছিলেন ওই দৃশ্য দেখতে কোমলমতি শিশু শিক্ষার্থীরা পিছু পিছু ছুটে যাওয়ার দৃশ্য মেলেন । শক্তিশালী বিষ আর অকটেন মিশ্রিত

ধোঁয়া মানবদেহের জন্য কতটা ক্ষতিকর তা সাধারণ জনগণ ও কোমলমতি শিশু শিক্ষার্থীরা কিন্তুু জানেন না।
ফলে এ বিষয়েও সর্বস্তরের জনসাধারণের মধ্যে প্রচারণা চালানো উচিত বলে উপস্থিতিতে এদিকে,উপজেলার সচেতনমহলের অভিযোগ, উপজেলার প্রায় সকল এলাকায় ড্রেনগুলোতে ময়লা মাটি জমে থাকা, আশপাশের ঝোপঝাড় নিয়মিতভাবে পরিস্কার না করা সহ উপজেলার সদর ইউনিয়নের মাথাভাঙ্গা নদীর পাড়,হাউলি ইউনিয়নের দর্শনা পৌরসভার বে রেলগেট সংলগ্ন চুয়াডাঙ্গা টু যশোর আঞ্চলিক মহাসড়কের ধারে, বাসাবাড়ি ,ক্লিনিক, সেলুন সহ বাজারের সব ধরনের ময়লা আবর্জনা স্তূপ জমার পাশাপাশি গরু-ছাগলের বজ্র অবাধে ফেলা হচ্ছে।যে কারণে উল্লেখিত সড়ক পথ ধরে পথচারীদের গন্তব্যে পৌঁছতে পোয়াতে হচ্ছে জনদুর্ভোগ।এ কারণে উল্লেখিত স্থান গুলোতে ডাবের খোসা,মাটির হাঁড়ি সহ বিভিন্ন পাত্রে জমে থাকা পাত্রে ডেঙ্গু মশার লার্ভা তৈরির আশঙ্কা রয়েছেন।কাজেই তাদের দাবি মহামারি ডেঙ্গু প্রতিরোধে শুধূ সভা সমাবেশ করলেই হবে না সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি।

ডেঙ্গুতে মৃত্যু ৫০০ ছাড়াল

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে আরও ১৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা দাঁড়াল ৫০৬ জনে।

এই সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন ২ হাজার ৭০ জন। এ নিয়ে চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়েছেন মোট ১ লাখ ৬ হাজার ৪২৯জন।

বুধবার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ডেঙ্গুবিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বর্তমানে দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে মোট ৭ হাজার ৮২৫ জন ডেঙ্গু রোগী চিকিৎসাধীন আছেন। ঢাকার সরকারি ও বেসরকারি হাসপাতালে বর্তমানে ৩ হাজার ৫৮০ জন এবং অন্যান্য বিভাগের বিভিন্ন হাসপাতালে ৪ হাজার ২৪৫ জন ডেঙ্গু রোগী

ভর্তি রয়েছেন।

চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে সারা দেশে এখন পর্যন্ত ১ লাখ ৬ হাজার ৪২৯ জন রোগী হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিয়েছেন। এর মধ্যে ঢাকায় ৫১ হাজার ২৭ জন এবং ঢাকার বাইরে চিকিৎসা নিয়েছেন ৫৫ হাজার ৪০২ জন।

সূত্র: যুগান্তর

আলমডাঙ্গার শেফা ক্লিনিককে অভিযান, ২৫ হাজার টাকা জরিমানা

শর্তানুযায়ী চিকিৎসক, নার্স ও টেকনিশিয়ান না থাকাসহ বিভিন্ন অভিযোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট অভিযান চালিয়ে শেফা ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে।

গতকাল রবিবার বিকেলে উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারি কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ অভিযান চালিয়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে এ জরিমানা করেন।

আদালত সূত্রে জানাযায়, মানুষ জীবন বাঁচাতে এসব ক্লিনিকে চিকিৎসা নিতে আসেন। কিন্তু শেফা ক্লিনিক তাদের লাইসেন্সের শর্ত ভঙ্গ করে নিজেদের মতো ব্যবসা করছে। সার্বক্ষণিক চিকিৎসক থাকার নিয়ম থাকলেও চুক্তিভিত্তিক ডাক্তারের মাধ্যমে চলছে কার্যক্রম। জরুরী বিভাগেও পাওয়া যায়নি নার্স কিংবা টেকনিশিয়ান। এছাড়াও বিভিন্ন অভিযোগের ভিত্তিতে শেফা ক্লিনিকে অভিযান পরিচালনা করা হয়। অভিযোগের সত্যতার ভিত্তিতে শেফা ক্লিনিক কতৃপক্ষকে ভ্রাম্যমাণ আদালতে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ জানান, রবিবার দুপুরে পৌর এলাকার কলেজপাড়ার শেফা ক্লিনিককে জরিমানা করা হয়। অভিযান অব্যাহত থাকবে।

কাথুলীতে জাতীয় শোক দিবস উপলক্ষে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

জীবন বাচাই রক্ত দিয়ে মানবতা যাক এগিয়ে এই স্লোগানকে সামনে রেখে কাথুলী ব্লাড ফাউন্ডেশন এর উদ্যোগে রক্তের গ্রুপ নির্নয় করা হয়েছে।

গতকাল মঙ্গলবার কাথুলী ইউনিয়ন পরিষদে এ কার্যক্রম সকাল ৮ থেকে বিকাল ৫ পর্যন্ত কর্যক্রম পরিচালনা করেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজা, সহ ব্লাড ফাউন্ডেশন এর সদস্য বৃন্দ।

এ বিষয়ে কাথুলী ব্লাড ফাউন্ডেশনের সভাপতি নাছিম আহম্মেদ জানান, অসহায় গরীব দুঃখী মানুষের রক্তের অভাবে যেন কোন মাকে অপারেশন থিয়েটারে সন্তান প্রসব করতে যেয়ে রক্তের অভাবে জীবন দিতে না হয় সে জন্য আমাদের এই কাথুলী ব্লাড ফাউন্ডেশন। সবার পাশে থেকে সেবা দিয়ে যেতে যায় কাথুলী ব্লাড ফাউন্ডেশন।

ডেঙ্গু প্রতিরোধে গাংনীতে হাঙ্গারের সচেতনতা কর্মসূচি

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে মাসব্যাপি ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা কর্মসূচি আয়োজন করা হয়েছে।

এর অংশ হিসেবে প্রতিদিন বিভিন্ন গ্রামে দি হাঙ্গার প্রজেক্টের স্বেচ্ছাসেবিরা একটি সচেতনতামূলক র্যালি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

দি হাঙ্গারের স্বেচ্ছাসেবি ও কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সচেতনতামূলক বক্তব্য সম্বলিত প্ল্যাকার্ড ও ফেস্টুন হাতে এ র্যালিতে অংশ নেন। দি হাঙ্গার প্রজেক্টর গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীন, ভিটিআর সিরাজুল ইসলামসহ ইউনিয়ন সমন্বয়কারী ও স্থানীয় স্বেচ্ছাসেবিরা এ কর্মসূচিতে যোগ দেন।

পাশাপাশি দি হাঙ্গারের উদ্যোগে এলাকার ঝোপঝাড়, ড্রেন ও খানাখন্দে জমে থাকা পানিতে ফগার এবং স্প্রের সাহায্যে মশক নিধনের ওষুধ ছিটানো হয়। এছাড়া বিভিন্ন এলাকার পথচারী ও বাসিন্দাদের মধ্যে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ করেন স্বেচ্ছাসেবিরা।

দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীন বলেন, বর্তমান সময়ে ডেঙ্গু মানুষের মাঝে আতংক তৈরী করেছে। তাই হাঙ্গার প্রজেক্টের স্বেচ্ছাসেবি ও ইয়ূথ এন্ডিং হাঙ্গারের ছেলে মেয়েরা প্রতিটি গ্রামে গ্রামে মানুষের মাঝে সচেতনতা সৃষ্টিতে কাজ করছেন। বিশেষ করে উঠান বৈঠক, ঝোপ ঝাড় পরিস্কার করাসহ ডেঙ্গুবাহি মশার জিবানু ধ্বংশ করতে কাজ করছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালে বৃক্ষরোপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে সারা দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের সাথে সমন্নয় করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে বৃক্ষরোপন করা হয়েছে।

আজ রবিবার ১৩ আগষ্ট সকাল সাড়ে ১১টায় মেহেরপুর জেনারেল হাসপাতাল চত্বরে ১০০টি ভেষজ, ফলজ ও ফুলের গাছ রোপন করা হয়। এর আগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক এবং স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশিদ আলম ঢাকায় কেন্দ্রীয়ভাবে এই বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. জমির মোহাম্মদ হাসিবুস ছাত্তার, আবাসিক মেডিকেল অফিসার ডা. মোখলেসুর রহমান পলাশ, ডা. ওবাইদুর রহমান, ডা. আব্দুর রশিদ, নার্স সুপারভাইজার নাজমা প্রমুখ।

জীবননগরে ডেঙ্গু প্রতিরোধমূলক অভিযান অনুষ্ঠিত

জীবননগরে ডেঙ্গু প্রতিরোধমূলক অভিযান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার সময় জীবননগর উপজেলা পরিষধ ও উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ কার্যালয়ে ডেঙ্গু প্রতিরোধমূলক অভিযান অনুষ্ঠিত হয়েছে।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে ডেঙ্গু প্রতিরোধমূলক অভিযানে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম রফিক, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাখি, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ডাঃ সুজন, উথলী ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, পৌর কাউন্সিলার জয়নাল আবেদীন, আবুল কাশেম, আপিল মাহমুদ প্রমুখ।

কোটচাঁদপুর জনসচেতনতা মূলক আলোচনা সভা

নকল ভেজাল ঔষধ সংক্রান্ত জনসচেতনতা মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার কোটচাঁদপুর মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে এ সভা করা হয়।

কোটচাঁদপুর উপজেলার কেমিস্ট এন্ড ড্রাগিষ্টস সমিতির সভাপতি সোহরাব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের ঔষধ তত্বাবধায়ক সিরাজুম মনিরা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেমিস্ট এন্ড ড্রাগিষ্টের কেন্দ্রীয় পরিচালক আক্তারুজ্জামান আক্তার,সংগঠনের ঝিনাইদহ জেলার সভাপতি রফিকুল ইসলাম সোম,ঝিনাইদহের সিনিয়র সহসভাপতি মোস্তাকিবুর রহমান ঝন্টু,সমিতির কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক মালিক তবিবুর রহমান।

সভায় নকল ভেজাল ঔষধ সংক্রান্ত বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি। সভায় উপজেলার দুই শতাধিক কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সদস্য উপস্থিত ছিলেন।

সভা শেষে মহ্নাহ ভোজে যোগ দেন সবায়। সার্বিক অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন, কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সহসভাপতি হাসানুজ্জামান ডাবলু।

মুজিবনগরে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০২৩ উদযাপন

মুজিবনগর বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন করা হয়েছে। গতকাল রবিবার দুপুরে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হল রুম গুড নেইবারস বাংলাদেশ ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সম্মেলিতভাবে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উপলক্ষে একটি আলোচনা সভার আয়োজন করে।

আলোচনা সভায় গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক আহমেদ।

গুডনেইবারর্স এর হেলথ অফিসার আহসানুল হক এর সঞ্চালনায় সভায় আরো উপস্থিত ছিলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডা: আহসান হাবিব, ডা: মেহেদী হাসান।

সভায় বক্তারা বলেন,কর্মজীবি মা’দের জন্য কর্মস্থলে মাতৃদুগ্ধ কর্নার খুবই গুরুত্বপূর্ণ, এবং মাতৃদুগ্ধ শুধু শিশুর স্বাস্থ্যের জন্য না, বরং মা ও পরিবেশের জন্যও উপকারি।

এছাড়া বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র হসপিটালের সকল বিভাগের চিকিৎসকবৃন্দ এবং কমিউনিটি হেল্প ওয়ার্কার, নার্স, মিডওয়াইফ নার্স ও হাসপাতালের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

মেহেরপুর টিটিসিতে ডেঙ্গু প্রতিরোধে র্যালী ও আলোচনা সভা

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি’র) উদ্যোগে মেহেরপুরে ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম ও সচেতনতামূলক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (৬ আগষ্ট) সকাল ১০ টার দিকে মেহেরপুর টিটিসি অফিস চত্তরে এ রালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
মেহেরপুর টিটিসি’র হলরুমে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার।

আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক এসএম ওবায়দুল বাসার, শ্যামপুর ইউনিয়ন পরিষদের

চেয়ারম্যান মতিউর রহমান মতি।

এর আগে ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম ও সচেতনতামূলক একটি র্যালী টিটিসি প্রাঙ্গণ থেকে বের করা হয়। র্যালীটি মেহেরপুর-কুষ্টিয়া সড়কের টিটিসি থেকে পুলিশ লাইনস পর্যন্ত ঘুরে এসে একই স্থানে শেষ হয়।